গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- এলজিইডি/সিই/পরিকল্পনা/জি- ০৩/২০১৩/৬৯২ তারিখঃ৩১/০১/২০১৬ খ্রীঃ।

## অফিস আদেশ

**বিষয়ঃ জেলা ও অঞ্চলভিত্তিক ডিপিপি/আরডিপিপিতে সড়ক স্কীম নির্বাচন সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, এখন হতে ডিপিপি/আরডিপিপি প্রণয়নকালে বিভিন্ন সড়ক উন্নয়নের স্কীম নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হ'লঃ

ক) সড়ক স্কীম নির্বাচনের সময় পূর্বে যে সকল সড়ক সম্পূর্ণ দৈর্ঘ্যে উন্নয়ন করা হয়নি, সে সকল সড়কের অসমাপ্ত অংশের উন্নয়ন অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

খ) পূর্বে উন্নয়নকৃত যে সকল সড়ক দীর্ঘদিন সংস্কারের অভাবে ক্ষতিগ্রস্থ হয়ে বর্তমানে স্বাভাবিক যান চলাচলের অনুপযুক্ত হয়ে পড়েছে সে সকল সড়ক উন্নয়ন/পুনর্বাসনের জন্য অন্তর্ভুক্ত করতে হবে।

গ) বিশেষ প্রেক্ষিতে সমুদয় দৈর্ঘ্যের পরিবর্তে কোন সড়কের আংশিক দৈর্ঘ্য উন্নয়নের জন্য প্রস্তাব করা হলেও নিরবিচ্ছিন্ন সড়ক নেটওয়ার্ক স্থাপনের জন্য উক্ত সড়কের সম্পূর্ণ দৈর্ঘ্যে বিভিন্ন চেইনেজে প্রয়োজনীয় ব্রীজ/কালভার্ট নির্মাণের জন্য অন্তর্ভুক্ত করতে হবে।

ডিপিপি/আরডিপিপি তে যথোপযুক্ত সড়ক স্কীম নির্বাচনের মাধ্যমে পল্লি সড়ক যোগাযোগ ব্যবস্থা আরও টেকসই, নিবিড় ও নিরাপদকরণের লক্ষ্যে এ আদেশ জারী করা হ'ল।

(শ্যামা প্রসাদ অধিকারী)
**প্রধান প্রকৌশলী**
ফোনঃ ০২- ৯১২৪০২৭
ই- মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। **অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।**
২। **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।**
৩। **প্রকল্প পরিচালক (সকল)**........................................................, এলজিইডি।